অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/23/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো এবং চ্যান্সেলর মালাট্রাস COVID-19 লালা সোয়াব পরীক্ষার জন্য FDA অনুমোদন প্রাপ্তি ঘোষণা করেছেন

FDA অনুমোদন - বর্তমানে সকল SUNY ক্যাম্পাসে পরীক্ষা করতে ব্যবহৃত পরীক্ষাকে রাজ্যব্যাপী বৃহত্তর স্কেলে আনার সুযোগ দেয়

গভর্নর অ্যান্ড্রু এম. কুয়োমো এবং স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (SUNY) চ্যান্সেলর জিম মালাট্রাস আজ ঘোষণা করেছেন যে SUNY আপস্টেট মেডিকেল বিশ্ববিদ্যালয় এবং কোয়াড্রেন্ট বায়োসায়েন্সেস দ্বারা তৈরি COVID-19 এর জন্য স্বতন্ত্র লালা সোয়াব ডায়াগনস্টিক টেস্ট মার্কিন যুক্তরাষ্ট্রের ফুড অ্যান্ড ড্রাগ কমিশন (Food and Drug Administration, FDA) কর্তৃক জরুরি ব্যবহারের অনুমোদন লাভ করেছে। যদিও এই পরীক্ষা এখন পর্যন্ত SUNY এর ক্যাম্পাস জুড়ে শিক্ষার্থীদের উপর ব্যাপক পরীক্ষার সমর্থনে ব্যবহার করা হয়েছে, জরুরি ব্যবহারের অনুমোদন অতিরিক্ত ল্যাবকে এই পরীক্ষা ব্যবহার শুরু করতে, ভাইরাস শনাক্ত করতে এবং নিউ ইয়র্কবাসীদের রক্ষা করতে সাহায্য করবে।

"COVID-19 সংকটের শুরু থেকে, এটা পরিষ্কার যে পরীক্ষা হচ্ছে বিস্তারকে মন্থর করার সবচেয়ে গুরুত্বপূর্ণ হাতিয়ার। আপনি যত বেশি টেস্টিং করবেন, স্টেটব্যাপী ভারাইসের কেসের ছবিটি তত বেশি নির্ভুল হবে," **গভর্নর কুওমো বলেছেন।** "এটি একটি নিখুঁত উদাহরণ কিভাবে বেসরকারি খাতের সাথে রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোকে অংশীদার করার ব্যাপারে নিউ ইয়র্কের দৃষ্টিভঙ্গি লভ্যাংশ প্রদান করছে এবং মহামারী মোকাবেলায় আমাদের সাহায্য করছে। আমি SUNY এর প্রতিভাবান দলকে ধন্যবাদ জানাতে চাই যারা আরো পরীক্ষা চালানোর জন্য এই সহজ, দ্রুত এবং কার্যকর সমাধান তৈরি করেছে। আমরা আনন্দিত যে FDA এটি অনুমোদন করেছে এবং নিউ ইয়র্ক এবং এর বাইরে এর ব্যবহারের অপেক্ষায় আছি।"

স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক চ্যান্সেলর জিম মালাট্রাস বলেছেন, "এই গেম-চেঞ্জিং COVID-19 পরীক্ষার FDA অনুমোদন স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্কের গুরুত্বপূর্ণ সমস্যা সমাধানের দক্ষতা প্রদর্শন করে। এই অনুমোদনের মাধ্যমে আপস্টেট মেডিকেল এবং কোয়াড্রেন্ট বায়োসায়েন্সেস দ্বারা বিকশিত উদ্ভাবন জাতীয় পর্যায়ে ব্যবহার করা হবে। এই দ্রুত, ননইনভেসিভ পরীক্ষা প্রোটোকল- যা ইতোমধ্যে SUNY এর পরীক্ষা ক্ষমতা প্রতি সপ্তাহে 120,000 পরীক্ষায় উন্নীত করেছে- যা এখন সারা দেশের সম্প্রদায়কে আরো ভালোভাবে COVID-19 চিহ্নিত করতে এবং নিয়ন্ত্রণ করতে সাহায্য করবে। এটা আরো প্রমাণ করে যে নিউ ইয়র্ক স্টেট এই ভয়ঙ্কর

ভাইরাসের বিরুদ্ধে লড়াইয়ে নেতৃত্ব দিয়ে যাচ্ছে। সরকারি-বেসরকারি অংশীদারিত্ব এবং আমাদের SUNY ক্যাম্পাসে উদ্ভাবনের প্রতি তার অব্যাহত বিনিয়োগের মাধ্যমে তার অদম্য সমর্থনের জন্য আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাতে চাই।"

SUNY আপস্টেট মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অন্তর্বর্তীকালীন সভাপতি ড. মনতোষ দেওয়ান বলেন, "এটা সত্যিই একটা গেম চেঞ্জার। আমরা নিউ ইয়র্ক রাজ্যে এই পরীক্ষার উপকারিতা দেখেছি যেহেতু আমরা আমাদের সম্প্রদায়কে এবং আমাদের বর্তমান পরীক্ষা কাজের ক্ষেত্রে, স্থানীয় স্কুল জেলা এবং কলেজ ক্যাম্পাস নিরাপদে রাখার জন্য দ্রুত এবং নিরাপদে উল্লেখযোগ্য সংখ্যক ব্যক্তিকে পরীক্ষা করার জন্য এটি ব্যবহার করেছি।"

কোয়াড্রেন্ট বায়োসায়েন্সেসের প্রতিষ্ঠাতা এবং প্রধান নির্বাহী কর্মকর্তা রিচার্ড উইলিগ বলেন, "আমরা রোমাঞ্চিত যে FDA COVID-19 রোগ নির্ণয়ে ব্যবহারের জন্য ক্লারিফি COVID-19 টেস্ট জরুরি ব্যবহার অনুমোদন (Emergency use authorization, EUA) দিয়েছে। করোনাভাইরাস বিশ্বব্যাপী স্বাস্থ্য এবং কল্যাণের উপর মারাত্মক প্রভাব ফেলেছে, তাই আমরা অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডার এবং পারকিনসন্স রোগের মত অন্যান্য স্বাস্থ্য অবস্থার জন্য RNA ডায়াগনস্টিক পরীক্ষায় যে দক্ষতা অর্জন করেছি এই গুরুত্বপূর্ণ পরীক্ষার উন্নয়নে সেই দক্ষতা প্রয়োগ করা আমাদের জন্য অত্যন্ত তৃপ্তিদায়ক।"

ব্যক্তিবর্গের জন্য FDA অনুমোদিত লালা পরীক্ষা আপস্টেট মেডিকেল এবং কোয়াড্রান্ট এর উদ্ভাবনী পুল পরীক্ষার পরিপূরক, যার ফলে প্রায় 10 থেকে 25 জনকে একটি COVID-19 পরীক্ষায় পরীক্ষা করা যাবে। FDA দ্বারা পরীক্ষার অনুমোদনের মানে হচ্ছে এটি নিউ ইয়র্ক স্টেট জুড়ে এবং দেশব্যাপী ব্যবহার করা যেতে পারে।

অনুমোদিত পরীক্ষাগুলি কোন ব্যক্তির নাকে প্রবেশ করা সোয়াবের পরিবর্তে লালা সোয়াব ব্যবহার করে করা যেতে পারে। ব্যক্তিরা নিজেরাই পরীক্ষা পরিচালনা করে, তাদের মুখ সোয়াব করে, এবং লালার নমুনা প্রদান করে, যা বর্তমানে SUNY আপস্টেট মেডিকেল সেন্টারের ল্যাবরেটরিতে প্রক্রিয়াজাত করা হয়।

আগস্ট মাসে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেল্থ (Department of Health, DOH) SUNY স্টুডেন্ট বডিতে নজরদারি পরীক্ষার জন্য SUNY আপস্টেট কর্তৃক ব্যবহৃত পরীক্ষার অনুমোদন দেয়। আজকের FDA অনুমোদনের মাধ্যমে, এই নতুন, উদ্ভাবনী পরীক্ষা এখন নিউ ইয়র্ক এবং মার্কিন যুক্তরাষ্ট্র জুড়ে ব্যবহারের জন্য উপলভ্য হবে যেগুলো উচ্চ-জটিলতা ক্লিনিক্যাল ল্যাবরেটরি দ্বারা চিকিৎসকদের অফিস, জরুরি যত্ন ক্লিনিক এবং হাসপাতালে রোগীদের সেবা প্রদান করে।

লালা পরীক্ষা SUNY আপস্টেট এবং কোয়াড্রেন্ট দ্বারা সফলভাবে বিকশিত একটি "পুলড পরীক্ষা" যেখানে একাধিক নমুনা একটি একক "পুলড" নমুনা একত্রিত করা হয়, যা COVID-19 জন্য পরীক্ষা করা হয়। যদি পুরো পুল করা নমুনা নেতিবাচক পরীক্ষা করে, এর মানে এই যে 10 থেকে 25 জন যাদের ব্যক্তিগত নমুনা পুল করা গ্রুপে অন্তর্ভুক্ত করা হয়েছে তাদের সবাইকে

COVID-মুক্ত বলে ধারণা করা হয়। DOH এবং FDA অনুমোদনের আগে, যদি একটি পুল করা নমুনা ইতিবাচক পরীক্ষা করা হয়, তাহলে প্রত্যেক ব্যক্তিকে পুনরায় পরীক্ষা করতে হত। এখন, SUNY আপস্টেট এবং কোয়াড্রেন্ট এর এই উদ্ভাবনের কল্যাণে যদি পুল করা নমুনা ইতিবাচক পরীক্ষিত হয়, তাহলে পুলের মধ্যে প্রতিটি স্বতন্ত্র লালা নমুনা দ্রুত পরীক্ষা করা হয় সঠিক ইতিবাচক কেস চিহ্নিত করার জন্য এবং একটি নতুন নমুনা সংগ্রহের প্রয়োজন ছাড়াই ঘটতে পারে, এইভাবে একটি ল্যাবে এক দিনে দ্রুত 15,000 নমুনা পরীক্ষা করে রোগাক্রান্ত ব্যক্তিদের শনাক্ত করা সম্ভব। সব লালা নমুনা এবং পুল প্রযুক্তি ব্যবহার করে নজরদারি পরীক্ষা এবং ফলো-আপ ব্যক্তিগত ডায়াগনস্টিক টেস্টিং এর সমন্বয় একটি অভিনব উদ্ভাবন যা SUNY আপস্টেট এবং কোয়াড্রেন্টকে সমগ্র SUNY সিস্টেম জুড়ে সাশ্রয়ী, অধিক পরিমাণ পরীক্ষা প্রদান করতে সক্ষম হয়েছে।

###

আরও তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন